

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৮টি প্রতিষ্ঠানকে ১.৯৪ লক্ষ টাকা জরিমানা

৪ সেপ্টেম্বর ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, শরীয়তপুর, কুড়িগ্রাম, চট্টগ্রাম, গাজীপুর, পঞ্চগড়, লক্ষীপুর, যশোর, ভোলা, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, জামালপুর ও পাবনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কয়লা রেন্টুরেন্টকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের ফুলবাড়ী উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে চট্টগ্রাম সদর এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ৪৪,০০০/- (চুয়াল্লিশ হাজার) টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ২১,০০০/- (একুশ হাজার) টাকা, পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা, লক্ষীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানীষ রায়ের নেতৃত্বে লক্ষীপুরের কমলনগর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১১,৫০০/- (এগার হাজার পাঁচশত) টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলা সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৪,৯০০/- (চার হাজার নয়শত) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার কসবা উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম. মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনার চাদমোহন উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১,৪৪,৯০০/- (এক লক্ষ চুয়াল্লিশ হাজার নয়শত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তার বিপন্নকারী কার্য, ওজনে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১৩টি বাজার তদারকির মাধ্যমে ৩৮টি প্রতিষ্ঠানকে মোট ১,৯৪,৯০০/- (এক লক্ষ চুরানব্বই হাজার নয়শত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ৩ সেপ্টেম্বর ২০১৬ তারিখে পঞ্চগড় জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে পঞ্চগড় সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৬১,০০০/- (একষট্টি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, শরীয়তপুর, কুড়িগ্রাম, চট্টগ্রাম, গাজীপুর, পঞ্চগড়, লক্ষীপুর, যশোর, ভোলা, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, জামালপুর ও পাবনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, শরীয়তপুর, কুড়িগ্রাম, চট্টগ্রাম, গাজীপুর, পঞ্চগড়, লক্ষীপুর, যশোর, ভোলা, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, জামালপুর ও পাবনা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।